বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৮.২৪-১৫

তারিখঃ ১৯/১০/১৪৩২ বঙ্গাঃ
০২/০২/২০২৬ খ্রিঃ

**দপ্তরাদেশ**

জনাব এ, কে, এম, আমানুল করিম (পরিচিতি নং-৮৪০১০১০০৮) লস্কর, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ বিগত ০১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। ইতোমধ্যে স্বীয় কর্তব্য কাজে উপস্থিত হওয়ার জন্য তার দপ্তর কর্তৃক বারংবার পত্র প্রেরণ এবং মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলে তার কোন জবাব পাওয়া যায় নি। কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির উপরোল্লিখিত অভিযোগসমুহ তদন্তের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকালে তদন্ত কর্মকর্তা কর্তৃক তার হোয়াটসঅ্যাপ নম্বর (+১৩৪৭ ২৩৪-২৬৫১) এ যোগাযোগ করে হলে তিনি তদন্ত কর্মকর্তার সাথে সাক্ষাৎকার প্রদানের জন্য সময় প্রার্থনা করেন এবং বর্তমানে চিকিৎসার জন্য দেশের বাইরে আছেন মর্মে তদন্ত কর্মকর্তাকে অবহিত করেন। কিন্তু তিনি পরবর্তীতে তদন্ত কর্মকর্তার সাথে সাক্ষাৎ করেন নি। তদন্ত কর্মকর্তার নিকট তার স্ত্রী, বড় ভাই এবং ভাবী এই মর্মে লিখিত জবানবন্দি প্রদান করেন যে, তিনি চিকিৎসার জন্য আমেরিকাতে অবস্থান করছেন। কিন্তু এক্ষেত্রে তিনি বিদেশ গমনের জন্য বোর্ডের অনুমোদন কিংবা কোন কর্তৃপক্ষকে অবহিত করেননি। অর্থাৎ তিনি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং বোর্ডের অনুমোদন ব্যতিরেকে দেশের বাহিরে অবস্থান করছেন। তার এরূপ কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ এবং পলায়নের সামিল ।

২। উপরোক্ত অভিযোগে তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ অভিযোগনামা রেজিস্টার ডাকযোগে তার কর্মস্থলে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। একই সাথে তার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য অনুরোধ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত অভিযোগনামাটি ডাক বিভাগের "প্রাপককে খুজিয়া পাই নাই" মন্তব্যসহ ফেরত আসে। সার্বিক পর্যালোচনায় কার্যধারাটি অগ্রসর হওয়ার পর্যাপ্ত কারণ বিদ্যমান থাকায় তার বিরুদ্ধে অভিযোগনামায় উল্লেখিত অভিযোগ সমূহ তদন্ত করার জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(২)(গ) মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগনামায় উল্লেখিত অভিযোগ তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন ।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে দেখা যায় যে, তার বিরুদ্ধে গত ০১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং বর্তমানে বোর্ডের অনুমোদন ব্যতিরেকে আমেরিকাতে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমানিত হয়েছে । তার উপরোক্ত কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামীল বিধায় উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী তার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে তার উপর বাপাউবোর চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। পরবর্তীতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫)ও ৫২(৬) মোতাবেক বর্ণিত কর্মচারীর উপর বাপাউবোর চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড আরোপের নিমিত্তে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি সংযোজন করতঃ রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। এছাড়াও কারণ দর্শানোর নোটিশটি ২টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয় এবং বোর্ডের ওয়েব সাইটেও প্রকাশ করা হয়। তদপ্রেক্ষিতে তাকে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানের নির্দেশনা প্রদান করলেও তিনি অদ্যাবধি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি ।

অঃ পৃঃ দ্রঃ

৫। জনাব এ,কে,এম আমানুল করিম, লস্কর, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল এর বিরুদ্ধে আনীত তার উপর চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশটি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) তার অফিসের ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অদ্যাবধি উক্ত নোটিশের কোন জবাব প্রদান না করা এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ উক্ত কর্মচারী বিগত ০১/০৩/২০২৩খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ, ৪৮(গ) পলায়নের সামীল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) এর (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৩/২০২৩খ্রিঃ তারিখ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব এ, কে, এম আমানুল করিম (আইডি নং- ৮৪০১০১০০৮), লস্কর, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) এর (উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৩/২০২৩ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর চাকরি হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৭। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

2.2.2025
(মোঃ আতিকুর রহমান)
পরিচালক (অঃ দাঃ)
পরিচিতি নম্বর-৬৮০২২৫০০১

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩. ০২৩.২৭.০০৮-১৫(১৬)

তারিখঃ ১৯/১০/১৪৩২ বঙ্গাঃ
০২/০২/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং অ্যান্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পানি উন্নয়ন সার্কেল-১, বাপাউবো, মতিঝিল, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় যান্ত্রিক সার্কেল, বাপাউবো, তেজগাঁও, ঢাকা।
৫। পরিচালক কর্মচারি পরিদপ্তর/হিসাবরক্ষণ পরিদপ্তর/মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, নির্মান ও যন্ত্রায়ন বিভাগ, বাপাউবো, ঢাকা।
৯। সহকারী পরিচালক (অহিনি), গ্রীণরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল নারায়ণগঞ্জ।
১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
১২। জনাব এ, কে, এম, আমানুল করিম, লস্কর, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো শিমরাইল নারায়ণগঞ্জ।
১৩। জনাব এ, কে, এম, আমানুল করিম, পিতাঃ মৃত এ কে এম তাজুল ইসলাম বাসা নং-১৪, লেন-১১, আল-আমিন রোডপাড়া ডগাইর, কোনাপাড়া, ডেমড়া, ঢাকা।

০২/০২/২০২৬
(মোঃ শামীম হোসেন)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৯১২১১০০১